

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩০৩৮

২৭/ আদব

পরিচ্ছেদঃ উলামা, বয়স্ক ও সম্মানী ব্যক্তিদের শ্রদ্ধা করা, তাঁদেরকে অন্যান্যদের উপর প্রাধান্য দেওয়া, তাঁদের উচ্চ আসন দেওয়া এবং তাঁদের মর্যাদা প্রকাশ করার বিবরণ

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ الله عَنهُمَا قَالَ: قَدِمَ عُيَيْنَةُ بْنُ حِصْنٍ فَنَزَلَ عَلَى ابْنِ أَخِيهِ الحُرِّ بِنِ قَيسٍ، وَكَانَ مِنَ النَّفَرِ الَّذِينَ يُدْنِيهِمْ عُمَرُ وَكَانَ القُرَّاءُ أَصْحَابَ مَجْلِس عُمَرَ وَكَانَ القُرَّاءُ أَصْحَابَ مَجْلِس عُمَرَ وَمُشَاوَرَتِهِ كُهُولاً كَانُوا أَوْ شُبَّاناً فَقَالَ عُيَيْنَةُ لابْنِ أَخِيهِ: يَا ابْنَ أَخِي لَكَ وَجْهٌ عِنْدَ هٰذَا لأَمِيرِ فَاسْتَأْذِنْ لِي عَلَيهِ، فاسْتَأْذَن فَأَذِنَ لَهُ عُمَرُ فَلَمَّا دَخَلَ قَالَ: هِي يَا ابنَ الخَطَّابِ، فَوَاللهِ مَا تُعْطِينَا الْجَزْلَ وَلا تَحْكُمُ فِينَا بالعَدْلِ ﴿ فَعَضِبَ عُمَرُ حَتّٰى هَمَّ أَنْ يُوقِعَ بِهِ فَقَالَ لَهُ الحُرُّ : يَا أَمِيرَ المُؤْمِنِينَ إِنَّ الله تَعَالَى قَالَ لِنَبِيّهِ عَيْقٍ خُذِ الْعَفْوَ وَأُمُرْ بِالْعُرْفِ وَأَعْرِضْ عَنِ الْجَاهِلِينَ الأعراف : وَإِنَّ هٰذَا مِنَ الجَاهِلِينَ واللهِ مَا جَاوَزَها عُمَرُ حِينَ وَلا يَحْلُق وَأَنَ هُواللهِ مَا جَاوَزَها عُمَرُ حِينَ الْجَاهِلِينَ واللهِ مَا جَاوَزَها عُمَرُ حِينَ وَلا يَعْرَف وَاللهِ مَا جَاوَزَها عُمَرُ حِينَ الْجَاهِلِينَ واللهِ مَا جَاوَزَها عُمَرُ حِينَ وَلاَهُ وَكَانَ وَقَافاً عِنْدَ كِتَابِ اللهِ تَعَالَى رواه البخاري

বাংলা

(৩০৩৮) ইবনে আব্বাস বর্ণনা করেন যে, উয়াইনাহ ইবনে হিন্ন এলেন এবং তাঁর ভাতিজা হুর্র ইবনে কাইসের কাছে অবস্থান করলেন। এই (হুর্র) উমার (রাঃ) এর খেলাফত কালে ঐ লোকগুলির মধ্যে একজন ছিলেন যাদেরকে তিনি তাঁর নিকটে রাখতেন। আর কুরআন-বিশারদগণ বয়স্ক হন অথবা যুবক দল তাঁরা উমার (রাঃ) এর সভাষদ ও পরামর্শদাতা ছিলেন। উয়াইনাহ তাঁর ভাতিজাকে বললেন, 'হে আমার ভ্রাতুম্পুত্র! এই খলীফার কাছে তোমার বিশেষ সম্মান রয়েছে। তাই তুমি আমার জন্যে তাঁর সঙ্গে সাক্ষাৎ করার অনুমতি চাও।' ফলে তিনি অনুমতি চাইলেন। সুতরাং উমার তাকে অনুমতি দিলেন। অতঃপর যখন উয়াইনাহ ভিতরে প্রবেশ করলেন, তখন উমার (রাঃ) কে বললেন, 'হে ইবনে খাত্মাব! আল্লাহর কসম!

আপনি আমাদেরকে পর্যাপ্ত দান দেন না এবং আমাদের মধ্যে ন্যায় বিচার করেন না!' (এ কথা শুনে) উমার (রাঃ) রেগে গেলেন। এমনকি তাকে মারতে উদ্যত হলেন। তখন হুর্র তাঁকে বললেন, 'হে আমীরুল মু'মেনীন! আল্লাহ তাআলা তাঁর নবীকে বলেন, ''তুমি ক্ষমাশীলতার পথ অবলম্বন কর। ভাল কাজের আদেশ প্রদান কর এবং মূর্খিদিগকে পরিহার করে চল।'' (সূরা আল আ'রাফ ১৯৮) আর এ এক মূর্খ।' আল্লাহর কসম! যখন তিনি (হুর্র)



এই আয়াত পাঠ করলেন, তখন উমার (রাঃ) একটুকুও আগে বাড়লেন না। আর তিনি আল্লাহর কিতাবের কাছে (অর্থাৎ, তাঁর নির্দেশ শুনে) থেমে যেতেন।

ফুটনোট

(বুখারী ৪৬৪২, ৭২৮৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন